



নং-র-১২০/৪৭৭

তারিখ: ০৪.০১.২০২৩

ড. ফেরদৌস জামান  
সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ)  
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন  
ইউজিসি ভবন, প্লট ই-১৮/এ  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) / আপিল কর্মকর্তা

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)	আপিল কর্মকর্তা
<p>প্রফেসর মো. আবদুস সালাম রেজিস্ট্রার রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী মোবাইল: ০১৭১৮৮৮০৯৪১ ই-মেইল: registrar@ru.ac.bd</p>	<p>প্রফেসর মো. সুলতান-উল-ইসলাম উপ-উপাচার্য রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী মোবাইল: ০১৭১৫৩২৪৪৩১ ই-মেইল: provcsultan@ru.ac.bd</p>

অভিযোগের প্রকৃতি:

ক) **নাগরিক অভিযোগ:** সরকারি দপ্তরের প্রতিশ্রুত সেবা বা পণ্য এবং অথবা সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে কোনো নাগরিকের অসন্তুষ্টি অথবা প্রদেয়/প্রদত্ত সেবার সঙ্গে সম্পর্কিত বিধি-বহির্ভূত কাজ অথবা নাগরিকের বৈধ অধিকার প্রদানে অস্বীকৃতির বিষয়ে দাখিলকৃত আবেদন নাগরিক অভিযোগ হিসেবে বিবেচিত হবে।

খ) **কর্মকর্তা-কর্মচারী অভিযোগ:** সরকারি দপ্তরে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত কোনো কর্মকর্তা-কর্মচারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে কর্মকর্তা-কর্মচারী হিসেবে তাঁর প্রাপ্য যে কোনো সেবা বা বৈধ অধিকার প্রাপ্তির ক্ষেত্রে অসন্তুষ্টি বা সংস্কর হয়ে প্রতিকারের জন্য আবেদন দাখিল করলে তা কর্মকর্তা-কর্মচারী অভিযোগ হিসেবে গণ্য হবে। অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের পেনশন, আনুতোষিক, আর্থিক সুবিধা-সংক্রান্ত যে কোনো অভিযোগও এ শ্রেণির অভিযোগের অন্তর্ভুক্ত হবে।

গ) **দপ্তরিক অভিযোগ:** কোনো সরকারি দপ্তরের আওতাভুক্ত অথবা প্রতিশ্রুত সেবা বা পণ্য এবং অথবা সেবা প্রদান পদ্ধতি বা বৈধ অধিকার-সংক্রান্ত বিষয়ে অন্য কোনো দপ্তর কর্তৃক দাখিলকৃত আবেদন দাপ্তরিক অভিযোগ হিসেবে বিবেচিত হবে।

04.01.23

প্রফেসর মো. আবদুস সালাম  
রেজিস্ট্রার  
রাজশাহী বিশ্ববিদ্যালয়